


indraindrajal.blogspot.in

অমর চিত্র কথা
সংখ্যা ২৯৭, ১ ডিসেম্বর ১৯৮৩
সম্পাদক
অনন্ত পাই
সহযোগী সম্পাদক
কমলা চন্দ্রকান্ত সুব্বা রাও
কথা ও কাহিনী
আপ্পাস্বামী
চিত্রশিল্পী
সৌরেন রায়
চিত্র উপদেষ্টা
রাম ওয়াড়েকার
তত্ত্বাবধায়ক
গোবিন্দ কটোয়ানী
প্রকাশক
এইচ জি মিরচান্দানী
আই বি এইচ পাবলিশার্স প্রাইভেট লিঃ পঙ্কে, মহালক্ষ্মী চেম্বার্স ২২ ভোলাভাই দেশাই রোড, বোম্বে ৪০০০২৬ এবং তৎ কর্তৃক আই বি এইচ প্রিন্টার্স, মারোল নাকা, মথুরাদাস ভীসানজী রোড বোম্বে ৪০০০৫৯ থেকে মুদ্রিত
© আই বি এইচ পাবলিশার্স প্রাঃ লিঃ বোম্বে ৪০০০২৬ কর্তৃক সর্বসত্ত্ব সংরক্ষিত
ভাষান্তর: কেয়া চট্টোপাধ্যায়
বর্ণলিপি : দেবব্রত ঘোষ
একমাত্র পরিবেশক
উচ্চারণ
২/১ শ্যামাচরন দে স্ট্রীট
কলকাতা ৭০০০৭৩
চিত্রকথা কেনার সময় নিচের প্রতীকটি দেখে নিশ্চিত হয়ে নেবেন

# বোবা রাজপুত্র

সব কাহিনীর একটা শুরু আছে। 'বোবা রাজপুত্র'-র কাহিনী আমরা প্রথম জানতে পারি তিব্বতের বৌদ্ধ গাথা থেকে। তবে, পণ্ডিতরা অনুমান করেন এটি সংস্কৃত অথবা পালি ভাষা থেকে অনুবাদ, মূল কাহিনীটি হারিয়ে গেছে। আজ থেকে এক হাজার বছর বা তারও আগে ভারত থেকে বৌদ্ধ সন্ন্যাসীরা তিব্বত যাতায়াত শুরু করেছিলেন। তাঁদের প্রধান উদ্দেশ্য ছিল সেখানে বৌদ্ধ ধর্মের প্রচার করা। এই কাহিনীতেও সেই ধর্মের ছোঁয়া লেগে আছে।


বড়দের জন্য লেখা এই গল্প যদি ছোটদেরও ভাল লাগে, তাহলেই আমাদের পরিশ্রম সার্থক হয়েছে বলে মনে করব।

পরবর্তী সংখ্যা
ঐতিহাসিক দিল্লী

এখন ২৭০-রও বেশি অমর চিত্রকথা পাওয়া যায়।

Indrajal.blogspot.in


বোবা রাজপুত্র
বারানসীর রাজা ব্রহ্মদত্ত তাঁর স্ত্রীকে খুবই ভালোবাসতেন। অনেকদিন বাদে তাঁদের একটি সন্তান হবে। যাতে রানীর শরীর ও মন ভালো থাকে, সেজন্য তিনি বিশেষ যত্ন নিতে শুরু করলেন।
শরীরের যত্ন নেবে, মনে ফুর্তি রাখবে – তবেই সুস্থ সন্তানের মা হবে।
তাই না?
আমাদের সন্তান ভালো স্বাস্থ্য নিয়েই জন্মাবে। আমি এখন খুবই ভালো আছি। তবে...
বলো।
একটা ইচ্ছে ছিল সেটা পূর্ন হলেই—


অনেকদিন নির্জন বনের দিকে যাইনি। খুব ইচ্ছে করে শহরের হৈ চৈ থেকে পালিয়ে থাকতে।
কি!
আমি এমন পুত্র চাই যে সমস্ত পৃথিবী শাসন করবে...
সন্ন্যাসী হয়ে বনে জঙ্গলে ঘুরবে না।
বুঝেছি—
তুমি বোঝনি!
বসে আছ কেন? চলো, আমরা বনেই যাবো।
সুতরাং—



BENG.293


তারপর একসময় রাজা বললেন —
এবার তবে ফেরা যাক।
আ-আচ্ছা
রাজধানীতে ফেরার পথে —
ঐ হ্রদটা কি শান্ত আর নির্জন।
দূর থেকে দেখলেও শরীর জুড়িয়ে যায়। কাছে গেলে...



BENG. 299



রানীর এই ইচ্ছেও পূর্ণ হলো —
হ্রদের নিস্তব্ধতায় রানীর কোল আলো করে...
... জন্ম নিল একটি পুত্র সন্তান।




Indrajaal.blogspot.in



BENG.299



কিন্তু —
রাজা বদ্যি ডাকলেন —
তাঁর চিকিৎসায় কোন কাজ হলো না।
আমাদের একমাত্র ছেলে পঙ্গু! এজন্য তোমার নিশ্চয়ই মন খারাপ লাগে!
না, ও যেমনটি আছে তাতেই আমি খুশী!
ও আমাদের ছেলে। হোক পঙ্গু, তবু ওকেই একদিন ...
... আমার সিংহাসনে বসতে হবে।


কিন্তু আরও এক দুঃসংবাদ রাজার জন্য অপেক্ষা করছিল। কিছুদিন পর—
রাজ-বদ্যিকে একটু খবর দিতে হবে, কুমারের জন্য।
কেন? কুমারের কী হয়েছে?
এই বয়সের শিশুরা কত কথা বলে। কুমার এ পর্যন্ত একটা শব্দও উচ্চারণ করেনি।
কথাটা কি সত্যি?
হ্যাঁ।
দেশের লোকেরা পঙ্গু রাজাকে স্বীকার করে নিতে পারে — কিন্তু একজন বোবা রাজাকে?
খোঁড়া হোক, বোবা হোক। ও আমাদেরই ছেলে। আমি ওকে সেভাবেই দেখি।
কুমারের চিকিৎসার জন্য রাজা উঠে পড়ে লাগলেন। একের পর এক বদ্যি এলেন—
তারা কেউ রোগ সারাতে পারলেন না।


কি করা যায় বল তো?
একজন সুস্থ স্বাভাবিক মানুষের মতোই ওকে বড় করে তুলতে হবে।
ওর শিক্ষা-দীক্ষার ব্যবস্থা করুন..
বোবা শিশু কী শিখবে?
দেশের সাধারণ মানুষের মনেও একই চিন্তা—
আমাদের বোবা রাজ-কুমারের সম্বন্ধে আপনার কী ধারণা?
হুম্—
নীরব থেকেও এমন অনেক কথা বলা যায় যা আমরা মুখের হাজার কথাতেও বোঝাতে পারি না।
কিন্তু আমরা বোবাদের ভাষা বুঝি না।
এটা তো আমাদেরই অক্ষমতা।



BENG 199


রানী পণ্ডিতদের স্মরণ নিলেন। তাঁরা কখনও বই থেকে কখনও মুখে রাজপুত্রকে উপদেশ দিতেন।
কুমারের যখন ষোল বছর বয়স, বারানসীতে এক বিদেশী চিকিৎসক এলেন।
একবার শেষ চেষ্টা করে দেখা যাক— ওর অনেক নাম-ডাক।
আমার ছেলে কি পারেনা, চিকিৎসকেরা তাই নিয়ে মাথা ঘামান। সে যা পারে— তাতে তাদের বিন্দুমাত্র উৎসাহ নেই।
যে ছেলে হাঁটতে পারে না, কথা বলতে পারেনা— সে কী করতে পারে?
ওর চোখ কথা বলে, আমি সব বুঝতে পারি।
ও যা কথা বলে তাতে আমার মন শান্তিতে ভরে যায়— মনে পড়ে যায় সেই নির্জন বন, স্তব্ধ হ্রদের কথা...




BENG.299


ঠিক তখনই–
মহারাজ আপনি যাঁকে খুঁজছিলেন, তিনি এসেছেন।
ওঁকে কুমারের কাছে নিয়ে যাও।
তোমার হাতটা দেখি।
এবার হাঁ করো তো!


শ্বাস নাও... দম আটকে রাখো... ছাড়ো...
এবার উত্তর দাও—
তোমার নাম কী?
তুমি কে?
তুমি কি বোবা?
আচ্ছা এবার যাও।



পরে –
কুমার খোঁড়া নয়...
বোবাও নয়।
ঠিক বলছেন?
হ্যাঁ সব কথাই ওর কানে পৌঁছয়...
...এছাড়া ওর বাকযন্ত্রেরও কোনও গোলমাল নেই। ওর মেরুদন্ড...
...অথবা পা, সবই স্বাভাবিক!
তাহলে কেন...
বলছি কেন। এ ধরনের বেশ কয়েকটা ঘটনাই আমার চোখে পড়েছে।


খোঁড়া অথবা বোবা হয়ে থাকা— সবই ওর ভান।
ভান?
হ্যাঁ!
ওকে হাঁটাতে অথবা কথা বলাতে হলে...
তার বিশেষ ব্যবস্থা নিতে হবে। এখন মন দিয়ে শুনুন।
পরে—
চিকিৎসকদের পরামর্শ মতই আমাকে এ কাজ করতে হবে—তুমি বাধা দিও না।
ওর ভালোর জন্যই একাজ করছি।
BENG. 299


চুপ করে আছ কেন? কিছু বলো।
বোবার শান্তি আমি বুঝতে পারি, তাই...
তুমি কি বলছো? আমি কিছু বুঝতে পারছি না।
আপনি বুঝতে পারবেন না। যদি বুঝতেন, তবে ওকে কথা বলাবার জন্য ব্যস্ত হতেন না।
আপনি চেষ্টা করতেন—
বলো, আমি শুনছি।
...ওর নীরব ভাষা বুঝতে।
দোহাই! কথার হেঁয়ালি দিয়ে বোঝাবার চেষ্টা করো না।


BENG/299



পরের দিন–
যাও কুমারকে এখানে নিয়ে এসো
কুমার অজ! আমার পর এই সিংহাসনে যে বসবে তাকে সত্যিকারের রাজার মতোই হতে হবে।
তুমি চলতে ফিরতে পারো না– কথাও বলতে পারো না– সুতরাং তুমি রাজ্য শাসনও করতে পারবে না।


আমি জল্লাদদের নির্দেশ দিয়েছি, তোমাকে জ্যান্ত কবর দেবার জন্য।
বোবা রাজকুমার নীরব রইলেন।
একজনও এই অন্যায় আদেশের প্রতিবাদ করলো না।
জল্লাদেরা রাজকুমারকে বাইরে নিয়ে গেল।
একটা ঘোড়ার গাড়িতে উঠিয়ে...
...তাকে নিয়ে চললো বনের দিকে।


মাঝপথে —
বারানসী কি জনশূন্য? নাকি এখানে লোক থাকে?
একী!
তুমি কি...
তুমি কি কিছু বললে?
এ নিশ্চয় কুমার! কুমারই কথা বললেন।
চলো, ফিরে যাই। কথাটা রাজাকে জানাতে হবে।
তারা গাড়ি ঘুরিয়ে রাজপ্রাসাদের দিকে ছুটে চললো।
মহারাজ। কুমার কথা বলছেন।
রাজপুত্র কথা বলেছেন, তারা রাজাকে জানালো।
আমার ছেলে!


আমার এত ভালো লাগছে! এখন থেকে তুমি কথা বলবে, তাই তো?
রাজপুত্র কোন জবাব দিলেন না।
ওকে নিয়ে যাও!
জল্লাদেরা আবার কুমারকে নিয়ে বনের দিকে রওনা দিলেন।
রাস্তা দিয়ে একদল লোক মড়া কাঁধে নিয়ে যাচ্ছিল।
এ শবদেহটি একজন মৃতের না জীবিতের?
আরে!
উনি আবার কথা বলেছেন!


তারা কুমারকে এবারও রাজার কাছে ফিরিয়ে নিয়ে গেল।
সত্যি কি তুমি আবার কথা বলেছ?
কোনো উত্তর নেই।
নিয়ে যাও, ওকে!
যা বলেছিলাম তাই করো।
অনিচ্ছুক জল্লাদেরা আবার কুমারকে নিয়ে বনের রাস্তা ধরলো।
একসময় রাস্তা ফুরলো। এখন তারা কী করবে?
যেমন আদেশ—সুরু হল গর্ত খোঁড়া।




Indrajal...blogspot.in


রাজা এক কথায় রাজি হলেন।
একটা কেন, আমি ওর হাজার ইচ্ছে পূরণ করবো।
যাও, গিয়ে বলো, আমি রাজি।
আপনি আগে থেকেই কথা দিলেন — ও কি চায় কিছুই শুনলেন না!
কী আর চাইবে?- সিংহাসন, রাজত্ব... ক্ষমতা... টাকা। একজন রাজপুত্র এর বেশি আর কী চাইতে পারে?
রাজধানীকে নতুন ক'রে সাজানো হলো। রাস্তার দু'ধারে মানুষের ভীড় উপচে পড়লো— খোঁড়া রাজপুত্র নিজেই হেঁটে আসবেন, এই অবাক দৃশ্য দেখবার জন্য।


BENG. 299


ঐ যে, তিনি আসছেন!
আমার ছেলে!
এসো, বাড়ির ভেতরে এসো!
এবার বলো, তুমি কি চাও! সবাই তোমার কথা শুনতে চায়।


আমার একটাই প্রার্থনা...
...আমি বনে গিয়ে তপস্যা করবো।
না!
তোমার মুখে এই কথা শুনবো বলেই কি এতদিন বেঁচে ছিলাম? না! কিছুতেই না!
আপনি ওকে কথা দিয়েছেন—
তোমার কি কোনো দয়া মায়া নেই? এত অনায়াসেই ওকে বিদায় দিতে চাও—এ কী ধরনের ভালবাসা!
ভালবাসা কাউকে খাঁচায় বেঁধে রাখে না। ওকে যেতে দিন।


কিন্তু এতদিন তুমি বোবা হয়ে ছিলে কেন?
কুমার অভ্র মায়ের দিকে তাকালেন।
ও কথা বলতো, যদিও সে ভাষায় কোন অনাবশ্যক শব্দ ছিল না।
যারা বড় বড় কথা বলে, গলা ফাটিয়ে সভায় বক্তৃতা দেয়, তাদের তুলনায় ওর ভাষা অনেক সহজ আর কাছের।
তাতে মন শান্ত হয়, ভালোবাসার স্পর্শ পাওয়া যায়—কোন রকম হৈ চৈ ছাড়াই।
তোমার হাঁটতে কি আপত্তি ছিল?
আবার রানীই উত্তর দিলেন।
ওর যেখানে পৌঁছনর কথা, সেখানে আগেই পৌঁছে গেছে—তাই।


তাহলে আমাদের ছেড়ে যেতেই বা চাইছে কেন?
ওর বন্ধন থেকে আমাদের মুক্তি দিতে।
তোমার প্রথম কথা ছিল — বারানসী শহর জনশূন্য, নাকি সেখানে লোক-জন আছে?
এ কথায় তুমি কি বলতে চেয়েছিলে?
এক প্রকাশ্য সমাবেশে আপনি আমার মৃত্যুর আদেশ দিয়েছিলেন। কেউ তার প্রতিবাদ করে নি।
যে সহরে অন্যায়ের প্রতিবাদ করবার জন্য একজন মানুষও নেই, ধরে নিতে হয় তা জনশূন্য।
বুঝতে পারছি।



তুমি জানতে চেয়েছিলে, শবদেহটির প্রাণ আছে, অথবা নেই।
ভাল কাজ করে যিনি জীবন কাটিয়ে দেন, মৃত্যুর পরও তিনি মানুষের মনে বেঁচে থাকেন।
মরেও তিনি অমর। আর যে মানুষ অপরের মুখ ম্লান ক'রে দিতেই এই পৃথিবীতে জন্ম নেন, জীবিত অবস্থাতেই তিনি মৃত।
তার শবদেহ, মৃত মানুষেরই শেষ চিহ্ন।
তুমি সত্যিকারের জ্ঞানী। তোমার ইচ্ছাই পূর্ণ হোক। অনুমতি দিচ্ছি।
আপনি মহর্ষি আপনাকে অভিনন্দন জানাই।



রাজপুত্র তার রাজকীয় পোশাক ত্যাগ করে পিতামাতার পায়ের ধুলো নিল।
তারপর উঠে দাঁড়ালো...
...রাজার বাড়িকে পিছনে রেখে সে হাঁটতে লাগলো...
...সামনের দিকে রাস্তায়।


তিব্বতে বৌদ্ধধর্ম
পৃথিবীর ছাদ, তিব্বত হল বৌদ্ধ মন্দির, আশ্রম, ও ভিক্ষুর দেশ।
তিব্বতে বৌদ্ধধর্মের আগমন হয় ৭ম শতাব্দীতে, রাজা সংস্তেন গম্পো যখন নেপালের দুজন বৌদ্ধ রাজকুমারীকে বিবাহ করেন।
তিব্বতের সবচেয়ে পবিত্র এবং সবচেয়ে পুরানো মন্দির জোখাংয়ে চীনদেশের রাজকন্যার আনা বুদ্ধমূর্তি আছে।
সারা তিব্বতের ভক্তেরা, ঘিয়ের বাতির অঞ্জলি সাজিয়ে,এই মন্দির দর্শন করতে আসে।



BENG.299


৭৫৫ খ্রীস্টাব্দে, পদ্মসম্ভব নামে এক বিখ্যাত বৌদ্ধগুরু ভারতবর্ষ থেকে আমন্ত্রিত হয়ে আসেন। তাঁর পরিচালকতায় প্রথম বৌদ্ধাশ্রম, সাম্যে, স্থাপিত হয় এবং তিব্বতী ভিক্ষুদের দীক্ষা দেওয়া হয়।
সেখানে হাজার হাজার তিব্বতী গ্রন্থ ও বৌদ্ধশাস্ত্র আছে – হাতে লেখা আর ব্লকে ছাপা। এর একটি রত্ন হল বৌদ্ধ অনুশাসন বা নীতিশাস্ত্র।
প্রত্যেক বৌদ্ধাশ্রমই তিব্বতী শিল্পকলার রত্ন-ভাণ্ডার।
বৌদ্ধাশ্রমের সংগে সংযুক্ত ছোট বড় অনেক অর্চনাগার আছে এগুলি ভারতবর্ষের বৌদ্ধস্তুপের অনুপম স্মৃতিমন্দির।
বাৎসরিক উৎসবগুলির সময় বৌদ্ধাশ্রমের প্রাংগনে প্রাংগনে লোকেরা ভীড় ক'রে আসে মুখোস পরা শিল্পীদের নাচ দেখতে – সেই নাচে নাচে বুদ্ধের জীবনের ঘটনাগুলি মূর্ত করা হয়।


ওঁ-মণি-পদ্মে-হুঁ (পদ্মে রত্নের স্তুতি)-এই মন্ত্র কাগজের থলিতে লিখে কুণ্ডলী পাকিয়ে প্রার্থনা-চক্রে রেখে দেওয়া হয়। তিব্বতীরা এই চাকা ক্রমাগত ঘুরিয়ে যায়–তাদের বিশ্বাস, মন্ত্র অপরকে শুনিয়ে চেঁচিয়ে পড়ার জিনিস নয়।
তিব্বতীদের মতে করুণাকর বুদ্ধ, চেনরেজি, প্রথম দালাই লামার রূপে মানবদেহ ধারণ করেন এবং পরবর্তী দালাই লামাদের মধ্যে জন্মে জন্মে অবতীর্ণ হন।
লাহাসাইসের পোটালা প্রাসাদ দালাই লামার পদাধিকার সূত্রে প্রাপ্ত বাস ভবন। সমগ্র এসিয়ার মধ্যে এটি সবচেয়ে রাজকীয় সৌধ।
১৯৫৯ সালে, চীনের তিব্বত অধিকার করা পর্যন্ত তিব্বতের শাসনভার ছিল চতুর্দশ দালাই লামা আর ভিক্ষুদের পুরোহিত-তন্ত্রের ওপর। এখন চতুর্দশ দালাই লামা ভারতবর্ষে রাজনৈতিক আশ্রয় গ্রহণ করে হিমাচল প্রদেশের ড্যালহাউসী শৈলনগরীতে থাকেন।



BENG 293




Dattaram-NP4/83


তাক ধিনা ধিন ধিন, এল ছুটির দিন,
সাগর পাড়ে নেচে গেয়ে, হাসি খেলার দিন।
বল নিয়ে খেলব সবাই, এসো, পিণ্টু, মীনা,
আর সবার তরে, জেম্‌স ভ'রে, নিতে ভুলোনা !
Cadbury's
GEMS
স্বপ্ন সুন্দর কত...
জেম্‌স আনো পারো যত!
ক্যাডবেরিস্‌
চকোলেটস্‌
ক্যাডবেরি জেম্‌স এমন, মিষ্টিমধুর স্বপ্ন যেমন!
OBM-9679-BN

অমর চিত্র কথা

# তোমাদের মনের মতো রঙীন বই
# অমর চিত্রকথা ॐ



প্রকাশিত তালিকা

## • পুরাণ • জীবনী • ইতিহাস • কিংবদন্তী

লবকুশ
মহীরাবণ
পরশুরাম
নলদময়ন্তী
মীরাবাঈ
ভীষ্ম
গীতা
লঙ্কার রাজা রাবণ
ভীম ও হনুমান
ইন্দ্র ও শিবি
গান্ধারী
সাবিত্রী
কর্ণ
হরিশ্চন্দ্র
বালী
কুম্ভকর্ণ
দুর্গা
ঘটোৎকচ
আরুণি ও উতঙ্ক
মহাভারত
সূর্য
গঙ্গা
নচিকেতা
ধ্রুবঅষ্টবক্র
গণেশ
রামায়ণ
প্রহ্লাদ
কৃষ্ণের গল্প

রবীন্দ্রনাথ ঠাকুর
সূরদাস
জয়দেব
কবীর
তানসেন
রামশাস্ত্রী
জয়প্রকাশ
বাবাসাহেব আম্বেদকার
লোকমান্য তিলক
বুদ্ধ
বিদ্যাসাগর
মহাকবি কালিদাস
বাঘাযতীন
সুভাষচন্দ্র বোস
বিবেকানন্দ

বিক্রমাদিত্য
রসিক বীরবল
অশোক
ঝাঁসির রাণী
টিপু সুলতান
শিবাজী
বালাদিত্য ও যশোধর্মণ
জাহাঙ্গীর
শিবাজী
রাণাপ্রতাপ
চাণক্য
বুদ্ধিমান বীরবল
তানাজী

শকুন্তলা
কপালকুণ্ডলা
রাজসিংহ
কাদম্বরী
স্বর্গীয় কণ্ঠহার
অঙ্গুলিমালা
বাঘ ও কাঠঠোক্রা
ধাত্রীপান্না ও হাদিরাণী
আম্রপালী ও উপগুপ্ত
শ্রীদত্ত
চন্দ্রললাট
রত্নাবলী
পঞ্চতন্ত্র
আনন্দমঠ
দেবীচৌধুরানী
সাতরঙা রাজপুত্র
হিতোপদেশ
জাতকের গল্প

প্রতিখণ্ড ৩.৫০ টাকা মাত্র



প্রকাশিতব্য:
শিবের গল্প
ভানুমতী পদ্মিনী

বাংলা সংস্করণের একমাত্র পরিবেশক:
**উচ্চারণ** ২/১ শ্যামাচরণ দে স্ট্রীট,
কলিকাতা ৭০০ ০৭৩

Malay




**PARLE POPPINS. WATCH FOR THE SILVER STRIPES BEFORE YOU POP 'EM in. NOW THE IMITATORS CAN'T FOOL YOU.**

everest/81/PP/103